দৈনিক ইত্তেফাক

তারিখ ...04 APR 1996 ...
পৃষ্ঠা ১ কলাম ৭ ......

# ক্যাম্পাসে সশস্ত্র ক্যাডারদের প্রত্যাবর্তন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ অস্ত্র উদ্ধারে পুলিশী তল্লাশী অভিযানের পর গতকাল (বুধবার) ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ছিল দৃশ্যতঃ নিরুত্তাপ। তবে অস্ত্র উদ্ধার অভিযানের খবর আগে-ভাগে ফাঁস হইয়া যাওয়ার সে সকল সশস্ত্র 'ক্যাডার' হল ছাড়িয়া আত্মগোপন করিয়াছিল পুলিশ চলিয়া যাওয়ায় কয়েক ঘন্টার মধ্যেই তাহারা হলে হলে ফিরিয়া আসে। হল গেটে

(১০ম পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## প্রত্যাবর্তন

(১ম পৃঃ পর)

প্রকাশ্যে অস্ত্র উঁচাইয়া তাহারা পাহারা দিতেছে।

এদিকে গতকাল ছাত্র দলের উদ্যোগে ডাকসু ভবনের সম্মুখে অনুষ্ঠিত এক সমাবেশে দলের সভাপতি ফজলুল হক মিলন পুলিশ প্রশাসনকে নিরপেক্ষ থাকিয়া অস্ত্র উদ্ধারের পাশাপাশি অস্ত্রবাজ 'গ্যাং লিডারদের' গ্রেফতারের দাবী জানাইয়াছেন। তিনি বলেন, জগন্নাথ ও এস এম হলে বহিরাগত চিহ্নিত অস্ত্রধারী পেশাদার খুনী, মাস্তানরা অবস্থান করা সত্ত্বেও ঐ হল দুইটিতে পুলিশ 'নামকাওয়াস্তে' তল্লাশী চালাইয়াছে। ফলে একটি আলপিনও পাওয়া যায় নাই। সমাবেশে দলের সাধারণ সম্পাদক নাজিম উদ্দিন আলম, ছাত্রনেতা আবুল খায়ের ভুঁইয়া, মনিরুজ্জামান মনির প্রমুখ বক্তৃতা করেন।

জহুরুল হক হল ছাত্র সংসদের জিএস ও মন্টু সমর্থক ছাত্র লীগের নেতা মাসুম আহমদের গ্রেফতারের প্রতিবাদে একদল ছাত্র গতকাল ক্যাম্পাসে মিছিল বাহির করে। পরে অপরাজেয় বাংলার পাদদেশে অনুষ্ঠিত এক সমাবেশে ছাত্ররা মাসুমের মুক্তির দাবী জানায়।

অপরদিকে বিভিন্ন পত্রিকায় 'ছাত্রদলের ভিসির সহিত অনুষ্ঠিত ছাত্রনেতাদের বৈঠক বর্জন ও হলে পুলিশ প্রবেশে ছাত্রদল বাদে সকল সংগঠনের সম্মতি' শীর্ষক সংবাদ প্রসঙ্গে ছাত্রদল নেতৃবৃন্দ কর্তৃপক্ষকে জানাইয়াছেন, তাহারা উক্ত বৈঠকে ইচ্ছা থাকা সত্ত্বেও উপস্থিত হইতে পারে নাই রাজনৈতিক কর্মসূচীর কারণে এবং তাহারা পুলিশের হল তল্লাশী ও অবৈধ অস্ত্র উদ্ধার কর্মসূচীকে সমর্থন করিয়া যাইবে।